2C

tal No. of Printed Pages—5

**5 SEM TDC BNL M 4**

**2 0 1 5**

( November )

BENGALI

( Major )

Course : 504

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## ক—বিভাগ

১। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) 'পূর্বরাগ' কাকে বলে? তোমাদের পাঠ্য কবি বিদ্যাপতি এবং চণ্ডীদাসের পূর্বরাগের নির্বাচিত দুটি পদের কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ কর।

(খ) 'গৌরচন্দ্রিকা'র পদগুলিতে পদকর্তারা শ্রীচৈতন্যের যে রস-ঘন মূর্তি অঙ্কন করেছেন তা তোমার ভাষায় প্রকাশ কর।

(গ) চণ্ডীদাস সম্পর্কে রবীন্দ্রনাথ মন্তব্য করেছেন—"চণ্ডীদাস সহজ ভাষার, সহজ ভাবের কবি। তিনি যেসব কবিতা লেখেননি, তার জন্যই কবি। অর্থাৎ তিনি এক ছত্র লেখেন, আর পাঠককে দিয়ে দশ ছত্র লিখিয়ে নেন"। মন্তব্যের ভিত্তিতে কবি চণ্ডীদাসের কাব্য-প্রতিভার মূল্যায়ন কর।

(ঘ) "বৈষ্ণব কবিগণ প্রেমমনস্তত্ত্বের সুনিপুণ রূপকার।" উপযুক্ত উদ্ধৃতি দিয়ে এবং বিশ্লেষণের সাহায্যে এই উক্তির যাথার্থ্য প্রতিপন্ন কর।

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) :

(ক) "ঘরের বাহিরে দণ্ডে শতবার
তিলে তিলে আইসে যায়।
মন উচাটন নিশ্বাস সঘন
কদম্ব-কাননে চায়॥
রাই কেন বা এমন হইল।"

উদ্ধৃতাংশটি কোন্ পর্যায়ের পদ? পদটির অর্থ ব্যাখ্যা কর।

(খ) "গৌরাঙ্গ নহিত কি মেনে হইত কেমনে ধরিত দে।
রাধার মহিমা প্রেমরস-সীমা জগতে জানাত কে॥"

উদ্ধৃতাংশটি কার রচনা? পদটির অন্তর্নিহিত তাৎপর্য পরিস্ফুট কর।

৩। এক কথায় উত্তর দাও: ১×৪=৪

(ক) 'অভিসার'-এর শ্রেষ্ঠ কবি কে?

(খ) বিদ্যাপতি কোন্ শতাব্দীর কবি?





(গ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' কার রচনা?

(ঘ) জয়দেব, জ্ঞানদাস, বিদ্যাপতি ও গোবিন্দদাস—এঁদের মধ্যে কে কে প্রাক্-চৈতন্য যুগের কবি?

## খ—বিভাগ

৪। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১৩

(ক) "শাক্ত পদাবলীতে শাক্ত কবিরা যে সংসারচিত্র এঁকেছেন তা একান্তই চোখে দেখা বাস্তব অভিজ্ঞতার সমাজ।" 'আগমনী' ও 'বিজয়া' পদ অবলম্বন করে আলোচনা কর।

(খ) "শাক্ত পদকর্তারা হিমালয় কন্যা উমাকে সম্পূর্ণ বাঙালী ঘরের কন্যা রূপেই উপস্থাপন করেছেন।" 'আগমনী' ও 'বিজয়া' পর্যায়ের পদগুলির সাহায্যে উক্ত মন্তব্যের যাথার্থ্য প্রতিপন্ন কর।

(গ) "মেনকার দুঃখ-বেদনা কবি (সাধক কমলাকান্ত ভট্টাচার্য) অপরূপ কৌশলে ফুটিয়েছেন।" কবি কমলাকান্ত রচিত 'আগমনী' ও 'বিজয়া'-র পদ অবলম্বন করে মেনকার দুঃখ-বেদনা বিশ্লেষণ কর।

৫। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন দুটি) : ৪×২=৮

(ক) "আমার মনে আছে এই বাসনা—"
বক্তা কে? বক্তার বাসনা কি, সেই সম্পর্কে লেখ।

(খ) গিরিরাজের চরিত্র আলোচনা কর।

(গ) "ওরে নবমী-নিশি, না হইও রে অবসান।
শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান॥
খলের প্রধান যত, কে আছে তোমার মত—
আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ॥"

উদ্ধৃতাংশটি কোন্ পর্যায়ের? পদটির অর্থ বুঝিয়ে দাও।

৬। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'শাক্ত পদাবলী' কোন্ শতাব্দীতে রচিত?

(খ) বাংলা ভক্তি সঙ্গীতে 'প্রসাদী সুর' কার অবদান?

(গ) ঊনবিংশ শতাব্দীর একজন শাক্তকবির নাম লেখ।

(ঘ) কোন্ শাক্ত-সাধকের কণ্ঠে প্রথম কালী এবং শ্রীকৃষ্ণের সমন্বয়ের সুর শোনা যায়?

## গ—বিভাগ

৭। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১৩

(ক) মহুয়া চরিত্রটি বিশ্লেষণ কর।

(খ) "জয়চন্দ্রকে ভালোবাসিয়া এই সাধ্বী ব্রাহ্মণ ললনা (চন্দ্রাবতী) যে মর্ম্মন্তুদ কষ্ট পাইয়াছিলেন এবং সেই ঘোর পরীক্ষার আগুনে পুড়িয়া তিনি কিরূপ বিশুদ্ধ সোনার ন্যায় নির্ম্মল হইয়া উঠিয়াছিলেন, তাহা এই গাথাটিতে (চন্দ্রাবতী) বর্ণিত আছে।" চন্দ্রাবতীর সেই 'বিশুদ্ধ সোনার ন্যায় নির্ম্মল' হওয়ার কাহিনী বর্ণনা কর।

(গ) মলুয়ার ট্র্যাজিক পরিণামের কথা সবিস্তারে বর্ণনা কর।





৮। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন দুটি) : ৪×২=৮

(ক) "গেরামে আছিল দুষ্ট নেতাই কুটুনি।
তার স্বভাবের কথা কিছু লও শুনি॥"

'কুটুনি' কে? তার চরিত্র পরিস্ফুট কর।

(খ) "পরথমে লিখিল পত্র চন্দ্রার গোচরে।
পুষ্পপাতে লেখে পত্র আড়াই অক্ষরে॥"

'আড়াই অক্ষর'-এর অর্থ কি? পত্রলেখকের নাম কি? পত্রের বিষয়বস্তু সংক্ষেপে লেখ।

(গ) "ছয় মাসের শিশুকন্যা পাইল্যা করলাম বর।
কি লইয়া ফিরবাম দেশে আর না যাইবাম ঘর॥
শুন শুন কন্যা আরে একবার আখি মেইলা চাও।
একটি বার কইয়া কথা পরাণ জুড়াও॥"

কন্যাটির নাম কি? বক্তা কে? বক্তার এরূপ অনুতাপ প্রকাশের কারণ কি?

৯। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'মৈমনসিংহ গীতিকা'-র সঙ্কলক গ্রন্থখানি কাকে উৎসর্গ করেছেন?

(খ) 'চন্দ্রাবতী' পালাটির রচয়িতা কে?

(গ) "ডাকাতি করিত বেটা ডাকাইতের সর্দ্দার।
মাইন্‌কা নামে ছুডু ভাই আছিল তাহার॥"

'ডাকাইতের সর্দ্দার'-এর নাম কি?

(ঘ) চন্দ্রাবতীর পিতা বংশীদাস কিসের জন্য বিখ্যাত ছিলেন?

★★★